দৈনিক ইত্তেফাক

13 APR 2003

অর্থনীতি শিক্ষক সমিতির সেমিনারে বক্তারা

# ঢালাও অনার্স-মাস্টার্স কোর্স অনুমোদনে সংযত হতে হবে

ইত্তেফাক রিপোর্ট ঃ বাংলাদেশে উচ্চ শিক্ষার মান নিশ্চিত করতে হলে কলেজগুলোতে ঢালাও অনার্স-মাস্টার্স কোর্সের অনুমোদনে কঠোর হতে হবে। গতকাল শুক্রবার ঢাকায় আয়োজিত বাংলাদেশের উচ্চ শিক্ষার বর্তমান অবস্থা শীর্ষক এক সেমিনারে বক্তারা উক্ত অভিমত ব্যক্ত করেন। বাংলাদেশ অর্থনীতি শিক্ষক সমিতি আয়োজিত এ সেমিনারে বক্তারা আরো বলেন, বাংলাদেশে এফিলিয়েটেড কলেজগুলোর সঙ্গে বৈষম্য রয়েছে। আবার অনেক শিক্ষকেরই পাঠ্যসূচি অনুযায়ী পাঠদানের যোগ্যতা নেই। (১৪শ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## ঢালাও অনার্স

(৩য় পৃঃ পর)

৯০ শতাংশে শিক্ষার্থীর আর্থিক সহায়তার জন্যও কোন ব্যবস্থা নেই। এতে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান ড. এটিএম জহুরুল হক। তিনি বলেন, প্রায় ৯০ শতাংশ শিক্ষার্থীকে উচ্চ শিক্ষার জন্য এফিলিয়েটেড কলেজগুলোর ওপর নির্ভর করতে হয়। যদিও এসব কলেজের শিক্ষার মান যথেষ্ট নয়। কারণ উচ্চ শিক্ষিত শিক্ষকের অভাব, সমৃদ্ধ লাইব্রেরী ও ল্যাবরেটরিজের অভাব, মূল্যায়ন ও তদারকি ব্যবস্থা যথোপযুক্ত না হওয়া। তিনি বলেন, বিশ্বায়নের চ্যালেঞ্জ মোকাবেলায় উচ্চ শিক্ষা পদ্ধতিকে আরো প্রতিযোগিতাসম্পন্ন হতে হবে।

সেমিনারে অর্থনীতি শিক্ষক সমিতির সাবেক সভাপতি ড. মোজাফফর আহমদ, বর্তমান সভাপতি আশরাফ উদ্দিন চৌধুরী, সিদ্ধেশ্বরী গার্লস কলেজের অধ্যক্ষ সৈয়দা শামসে আরা হোসেন, দারুল ইহসান বিশ্ববিদ্যালয়ের ড. আজহার উদ্দিন, এশিয়ান ইউনিভার্সিটি বাংলাদেশের ভাইস চ্যান্সেলর আবুল হাসান মুহাম্মদ সাদেক প্রমুখ বক্তৃতা করেন।